



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়

বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প

জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা), ৬০ কাকরাইল, ঢাকা-১০০০

www.jamuka.gov.bd

বিজ্ঞপ্তি নং - ৪৮.০২.০০০০.০১৪.৩১.০০৮.২২.৬৮

তারিখ: ২১ চৈত্র ১৪২৯
০৪ এপ্রিল ২০২৩

“মুক্তিযুদ্ধের সময় রাজাকার আলবদর ও আলসামছ বাহিনীর স্বাধীনতা বিরোধী কার্যকলাপ বিষয়ে গবেষণা” সম্পাদনের জন্য গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে আগ্রহব্যক্তকরণের অনুরোধ (REOI) সম্বলিত বিজ্ঞপ্তি

(১)	মন্ত্রণালয় / বিভাগ	:	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
(২)	সংস্থা	:	জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা)
(৩)	আগ্রহব্যক্তকরণ আহবানকারী কৃর্তপক্ষের নাম ও ঠিকানা	:	প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প, কক্ষ নং- ১৩০৭, জাতীয় স্কাউট ভবন (১৩ তম তলা), ৬০ কাকরাইল, ঢাকা-১০০০, ফোন: ০২২২৬৬৬৪৪৩৮, ইমেইল: nurlaminahid@gmail.com।
(৪)	ক্রয়/সংগ্রহ পদ্ধতি	:	গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতি (QCBS)
(৫)	বাজেট এবং অর্থের উৎস	:	উন্নয়ন খাত (সরকারি)
(৬)	কাজের নাম	:	“মুক্তিযুদ্ধের সময় রাজাকার আলবদর ও আলসামছ বাহিনীর স্বাধীনতা বিরোধী কার্যকলাপ বিষয়ে গবেষণা” সম্পাদন।
(৭)	আগ্রহব্যক্তকরণ আবেদন গ্রহণের শেষ তারিখ ও সময়	:	২৬/০৪/২০২৩ দুপুর ০২:০০ টা পর্যন্ত
(৮)	গবেষণা কাজের সংক্ষিপ্ত বিবরণ	:	১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতায়ুগ্ম চলাকালে পাকিস্তানি সেনাবাহিনী কর্তৃক গঠিত একটি আধাসামরিক বাহিনী হচ্ছে রাজাকার। অখণ্ড পাকিস্তানি বাঙালি এবং উর্দুভাষী অবাঙালি অভিবাসীদের নিয়ে গঠিত হয় এটি। মূলত যুদ্ধরত পাকিস্তানি সামরিক বাহিনীকে সহায়তা দেয়ার লক্ষ্যে রাজাকার দল সৃষ্টি হয়। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতায়ুদ্ধের সময় পাকিস্তান সেনাবাহিনীকে সহায়তা দানকারী আর একটি আধা-সামরিক বাহিনী হলো আলবদর। আলবদর বাহিনীর মূল কাজ ছিল সন্ত্রাস ও রাজনৈতিক গণহত্যার মাধ্যমে জনমনে আতঙ্ক সৃষ্টি করা। সাধারণভাবে ধারণা করা হয় যে, পাকিস্তান বিরোধী বুদ্ধিজীবীদের হত্যা করাই ছিল এই বাহিনীর মূল লক্ষ্য। আলসামছ ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালে পাকিস্তান সামরিক বাহিনী কর্তৃক গঠিত একটি আধাসামরিক মিলিশিয়া বাহিনী। বর্তমান গবেষণার মাধ্যমে রাজাকার, আলবদর ও আলসামছ বাহিনীর স্বাধীনতা বিরোধী কার্যকলাপ বিষয়ে বিশেষত বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী রাজনৈতিক দল ও ছাত্র সংগঠন এবং যুদ্ধকালীন সময়ে তাদের ভূমিকা; ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় রাজাকার, আলবদর ও আল সামছহ স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী বাহিনীর গঠন; এ সকল বাহিনীর স্বাধীনতা বিরোধী কার্যকলাপ ও যুদ্ধে এর প্রভাব; এবং বঙ্গবন্ধুর শাসন আমলে স্বাধীনতা বিরোধীদের বিচার প্রক্রিয়া ইত্যাদি বিষয় তুলে ধরা হবে।
(৯)	গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতা	:	(ক) প্রয়োজনীয় যোগ্যতা: (১) আগ্রহী গবেষণা/পরামর্শক প্রতিষ্ঠান বা গবেষণা দলের মূখ্য সদস্যদের মুক্তিযুদ্ধ/শান্তি ও যুদ্ধ/ইতিহাস বিষয়ে সফলভাবে কমপক্ষে তিনটি গবেষণাকার্য সম্পাদনের অভিজ্ঞতা; (২) গবেষণা দলের দলনেতা ও উপনেতার মানবিক/কলা/মানবসম্পদ/ইতিহাস/সাহিত্য ও সম্পৃক্ত বিষয়ে ন্যূনতম পোস্ট গ্রাজুয়েশান ডিগ্রি এবং সাত বছরের গবেষণা করার অভিজ্ঞতা; (৩) গবেষণাদলের দলনেতা ও উপনেতার বাংলাদেশের প্রেক্ষিতে গবেষণাকার্য পরিচালনা ও বাস্তবায়নের অভিজ্ঞতা; এবং (৪) গবেষণা দলের মূখ্য সদস্যদের বাংলা ও ইংরেজী ভাষায় মানসম্মত গবেষণা প্রতিবেদন লেখার অভিজ্ঞতা। (খ) অতিরিক্ত যোগ্যতা: (৫) গবেষণা দলের দলনেতা ও উপনেতার মানবিক/কলা/মানবসম্পদ/ইতিহাস/সাহিত্য ও সম্পৃক্ত বিষয়ে পিএইচডি ডিগ্রি; এবং (৬) আগ্রহী গবেষণা প্রতিষ্ঠান/পরামর্শক প্রতিষ্ঠান বা গবেষণা দলের মূখ্য সদস্যদের উন্নয়ন সহযোগী বা সরকারি অর্থায়নে পরিচালিত গবেষণাকার্য সম্পাদনের অভিজ্ঞতা।
(১০)	গবেষণা কাজ শুরু ও সমাপ্তির সম্ভাব্য তারিখ	:	শুরু: ০২/০৭/২০২৩ খ্রি., শেষ: ৩১/১২/২০২৩ খ্রি.
(১১)	অন্যান্য বিষয়াদি (প্রয়োজ্য ক্ষেত্রে)	:	আগ্রহব্যক্তকরণ আবেদন একটি বন্ধ খামে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে। খামের উপর স্পষ্টভাবে লিখতে হবে “মুক্তিযুদ্ধের সময় রাজাকার আলবদর ও আলসামছ বাহিনীর স্বাধীনতা বিরোধী কার্যকলাপ বিষয়ে গবেষণা সম্পাদনের জন্য আগ্রহব্যক্তকরণ আবেদন”।

বি.দ্র.: কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আগ্রহব্যক্তকরণ আবেদন বা সকল আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ড. মোঃ নূরুল আমিন

প্রকল্প পরিচালক (উপসচিব)

বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন প্রকল্প